

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (ৠৄর ত্রিভাগ/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জালসায়ে ইস্তেরা-হা (چلسة الإستراحة)

২য় ও ৪র্থ রাক'আতে দাঁড়াবার প্রাক্কালে সিজদা থেকে উঠে সামান্য সময়ের জন্য স্থির হয়ে বসা সুন্নাত। একে 'জালসায়ে ইস্তেরা-হাত' বা স্বস্তির বৈঠক বলে। যেমন হাদীছে এসেছে,

عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّيْ فَإِذَا كَانَ فِيْ وِتْرٍ مِّنْ صَلَاتِهِ لَمْ يَنْهَضْ حَتَّى يَسْتَويَ قَاعِدًا رواه البخارِيُّ _

অর্থাৎ 'ছালাতের মধ্যে যখন রাসূলুল্লাহ (ছাঃ) বেজোড় রাক'আতে পৌঁছতেন, তখন দাঁড়াতেন না যতক্ষণ না সুস্থির হয়ে বসতেন'। [134] একই রাবীর অন্য বর্ণনায় এসেছে,

وَإِذَا رَفَعَ رَأْسَهُ عَنِ السَّجْدَةِ التَّانِيَةِ جَلَسَ وَاعْتَمَدَ عَلَى الْأَرْضِ ثُمَّ قَامَ 'যখন রাসূলুল্লাহ (ছাঃ) দ্বিতীয় সিজদা হ'তে মাথা উঠাতেন তখন বসতেন এবং মাটির উপরে (দু'হাতে) ভর

'যখন রাসূলুল্লাহ (ছাঃ) দ্বিতীয় সিজদা হ'তে মাথা উঠাতেন তখন বসতেন এবং মাটির উপরে (দু'হাতে) ভর দিতেন। অতঃপর দাঁড়াতেন'। [135]

'হাতের উপরে ভর না দিয়ে তীরের মত সোজা দাঁড়িয়ে যেতেন' বলে 'ত্বাবারাণী কাবীরে' বর্ণিত হাদীছটি 'মওযূ' বা জাল এবং উক্ত মর্মে বর্ণিত সকল হাদীছই 'যঈফ'। [136]

ইসহারু বিন রাহ্ওয়াইহ বলেন, যুবক হৌক বা বৃদ্ধ হৌক রাসূল (ছাঃ) থেকে এ সুন্নাত জারি আছে যে, তিনি প্রথমে মাটিতে দু'হাতে ভর দিতেন। অতঃপর দাঁড়াতেন। দশজন ছাহাবী কর্তৃক প্রত্যক্ষভাবে সত্যায়ন প্রাপ্ত আবু হুমায়েদ সা'এদী (রাঃ) প্রদর্শিত ছালাতের প্রসিদ্ধ হাদীছেও এর স্পষ্ট দলীল রয়েছে। [137]

ফুটনোট

- [134] . বুখারী, মিশকাত হা/৭৯৬, অনুচ্ছেদ-১০; নায়ল ৩/১৩৮।
- [135] . বুখারী, ফাৎহ সহ হা/৮২৪, 'ওঠার সময় কিভাবে মাটির উপরে ভর দেবে' অনুচ্ছেদ-১৪৩, 'আযান' অধ্যায়-১৩, ২/৩৫৩-৫৪ পৃঃ।
- [136] . ছিফাত, ১৩৭ পৃঃ ; সিলসিলা যঈফাহ হা/৫৬২, ৯২৯, ৯৬৭; নায়ল ৩/১৩৮-১৩৯।
- [137] . বুখারী, ছিফাত, পৃঃ ১৩৬-৩৭ টীকা; তিরমিযী, আবুদাউদ, নাসাঈ, মিশকাত হা/৮০১; ইরওয়া হা/৩০৫, ৩৬২; ২/১৩, ৮২-৮৩ পৃঃ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9210

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন